# ALL INDIA RADIO, SILCHAR

******************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date:- 27-03-2024

## *Time: 19:45-19:55 Hrs*

(১) প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিলের সমাপ্তি/ আসামে ৩৮ জন প্রার্থীর মনোনয়ন পত্র দাখিল/

(২) দ্বিতীয় পর্যায়ের লোকাসভা নির্বাচনের জন্য আগামীকাল আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারী/

(৩) প্রথম পর্যায়ের মনোনয়ন পত্র জমা শেষ হওয়ার পরবর্তীতে আসামে আগামী সপ্তাহে বিভিন্ন দলের কেন্দ্রীয় নেতৃত্ব ও তারকা প্রচারকদের রাজ্যে নির্বাচনী প্রচারে অংশগ্রহণের সম্ভাবনা/

এবং

(৪) গুয়াহাটি-আইআইটি এবং আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীদের যুগ্ম প্রচেষ্টায় সোয়াইন ফ্লু'র প্রতিষেধক উদ্ভাবনের মাধ্যমে রাজ্যের জন্য সুনাম অর্জন/

---

প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিলের আজ শেষ দিন হওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্যে এই পর্যায়ে মোট ৩৮ জন প্রার্থী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন । আজ শেষ দিনে ২৬ জন প্রার্থী তাদের

মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এরমধ্যে কাজিরাঙ্গা লোকসভা আসনের জন্য ন'জন, শোণিতপুর আসনের জন্য সাতজন, লক্ষিমপুর আসনের পাঁচজন, ডিব্রুগড় আসনের জন্য একজন এবং যোরহাট আসনের জন্য চারজন প্রার্থী মনোনয়ন পত্র জমা দেন । বিজেপি সহ বিরোধী দলের কয়েকজন প্রার্থী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন । বিজেপি দলের নেতা তথা রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা, স্বাস্থ্যমন্ত্রী কেশব মহন্ত এবং সমর্থকদের উপস্থিতিতে যোরহাট লোকসভা আসনের বিজেপি মিত্রজোটের প্রার্থী তপন কুমার গগৈ আজ তার মনোনয়ন পত্র দাখিল করেছেন ।

এদিকে কাজিরাঙ্গা লোকসভা আসনের জন্য মুখ্যমন্ত্রী ডঃ শর্মা, অসম গণপরিষদ সভাপতি ও রাজ্যের মন্ত্রী অতুল বরা, অজন্তা নেওগ প্রমুখের উপস্থিতিতে বিজেপি মিত্র জোটের প্রার্থী কামাখ্যা প্রসাদ তাসা আজ তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । অনুরূপভাবে অসম জনমোর্চার সেলিম আহমেদ, নির্দল প্রার্থী দিলওয়ারা বেগম চৌধুরী, আব্দুল হক, ত্রিদীপজ্যোতি ভূইএগ্রা, জ্যোতিষ্ক রঞ্জন গোস্বামী সহ ভোটার্স পার্টি ইন্টারন্যাশনেলের প্রার্থী অনিমা ডেকা গুপ্তা এবং রিপাব্লিকান পার্টি অব ইন্ডিয়ার সালেহ্ আহমেদ মজুমদার মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

এদিকে শোণিতপুর লোকসভা আসনের জন্য মোট ন'জন তাদের প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন । বিজেপি সমর্থিত মিত্রজোটের প্রার্থী রঞ্জিত দত্ত আজ তার মনোনয়ন পত্র জমা দিয়েছেন । তারসঙ্গে বিজেপি সভাপতি ভবেশ কলিতা, মন্ত্রী অশোক সিংঘল, জয়ন্তমল্ল বড়ুয়া, বীরেন্দ্র প্রসাদ বৈশ্য সহ অন্যান্যরা এই সময় তার সঙ্গে উপস্থিত ছিলেন। অনুরূপভাবে আম আদমি পার্টির ঋষিরাজ কৌড়িন্য, বিপিএফ প্রার্থী রাজু দেউরী, জিপিএস প্রার্থী রিংকু রায় তাদের মনোয়ন পত্র জমা দিয়েছেন । বি এম পি প্রার্থী মহম্মদ আলম আলী এবং ভোটার্স পার্টি ইন্টারন্যাশনেলের কামেশ্বর স্বর্গীয়ারী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

কংগ্রেস তথা বিরোধী ঐক্যমঞ্চের কয়েকজন প্রার্থী আজ মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এরমধ্যে লক্ষিমপুর আসনের কংগ্রেস প্রার্থী উদয় শংকর হাজারিকাও রয়েছেন । এই আসনের নির্বাচনী রিটার্নিং আধিকারিক এক

বিজ্ঞপ্তি যোগে আসন্ন লোকসভা নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে চাওয়া প্রার্থীদের ব্যয়পঞ্জী নিরীক্ষণের দিন ঘোষণা করেছেন । সেই অনুসারে আগামী ৫ এবং ১৭ই এপ্রিল লক্ষিমপুর জেলা আয়ুক্তের কার্যালয়ে এবং ১১ এপ্রিল ধেমাজি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে সকাল দশটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত ব্যয়পঞ্জী নিরীক্ষণ করা হবে ।

এছাড়া ডিব্রুগড় আসনের ভোটগ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশন ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারিক জয়প্রকাশ শিবহারে'কে সাধারণ পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে। তিনি কোনো ধরণের প্রলোভনের শিকার না হয়ে নিজ নিজ বিবেচনায় ভোটদান করতে সকলের প্রতি আহ্বান জানিয়েছেন ।

উল্লেখ্য- প্রথম পর্যায়ের জন্য ইতিমধ্যে বিজেপির হয়ে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল, সাংসদ প্রদান বড়ুয়া, কংগ্রেসের সাংসদ গৌরব গগৈ এবং অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিনজ্যোতি গগৈ মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

---------------------------------------------------------------------------

দেশে তিনটি পর্যায়ে অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ে আগামী ১৯শে এপ্রিলের ভোটগ্রহণের জন্য আজ ছিল মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিন । প্রথম পর্যায়ে ১৭ টি রাজ্য এবং চারটি কেন্দ্রশাসিত অঞ্চলের অর্ন্তগত মোট ১০২টি লোকসভা আসনের জন্য ভোট নেওয়া হবে । এদিকে সিকিম সহ উত্তর পূর্বাঞ্চলের আটটি রাজ্যের মধ্যে সবকটিতে এই পর্যায়ে ভোট নেওয়া হচ্ছে । আসামের পাঁচটি, অরুণাচল প্রদেশ, মেঘালয় ও মণিপুরের দুটি করে, মিজোরাম, নাগাল্যান্ড, ত্রিপুরা ও সিকিমের একটি করে আসন নিয়ে মোট ১৫টিতে এই পর্যায়ে ভোটগ্রহণ করা হবে । আগামীকাল মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে । মনোনয়ন পত্র প্রত্যাহারের অন্তিম দিন হচ্ছে আগামী ৩০শে মার্চ । ভোটগণনা আগামী চৌঠা জুন অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------

প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের মনোনয়ন পত্র দাখিলের আজ সমাপ্তি হবার পরিপ্রেক্ষিতে রাজ্যে নির্বাচনী প্রচার অভিযান ক্রমে গতি লাভ করবে ।

বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতারা এবং তারকা প্রচারকরা শীঘ্রই নিজ নিজ দলের প্রার্থীদের হয়ে প্রচার চালাতে রাজ্যে আসার সম্ভাবনা রয়েছে । বিজেপির হয়ে দলের নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্, মন্ত্রী স্মৃতি ইরাণী, দলের সভাপতি জে পি নাড্ডা, মন্ত্রী অর্জুন মুন্ডা সহ বেশকয়েকজন প্রথমসারির নেতার আগামী মাসের প্রথম সপ্তাহে রাজ্যে প্রচার চালানোর সম্ভাবনা রয়েছে । এদিকে কংগ্রেস দলের হয়ে দলীয় সভাপতি মল্লিকার্জুন খার্গের আগামী দোসরা এপ্রিল রাজ্যে প্রচার চালানোর কথা রয়েছে । এছাড়া দলের নেতা রাহুল গান্ধী সহ আরো অন্যান্য প্রথম সারির কংগ্রেস নেতা, আম আদমি পার্টির নেতা এবং তৃণমূল কংগ্রেসের শীর্ষ নেতৃত্ব রাজ্যে প্রচার অভিযান জোরদার করে তুলবেন ।

------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন লোকসভা নির্বাচনে সমাজের সব শ্রেণিকে স্পর্শ করার লক্ষ্যে ৮৫ বছরের উর্ধ্বে প্রবীণ নাগরিক ও দিব্যাঙ্গ লোকেদের নিজ বাসগৃহ থেকে ভোটদানের সুবিধা প্রদান করবে । লোকসভা নির্বাচনে ভোটদাতাদের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে কমিশন গৃহীত পদক্ষেপের অংশ হিসেবে নির্বাচনের কাজে নিয়োজিত কর্মীরা ৮৫ বছরের উর্ধ্বে প্রবীণ নাগরিক এবং ৪০ শতাংশেরও অধিক প্রতিবন্ধী ভোটারের ঘরে ঘরে গিয়ে ভোটগ্রহণের ব্যাবস্থা গ্রহণ করবে । এই ব্যাবস্থার অধীনে একজন ভিডিওগ্রাফারের সঙ্গে দুজন ভোটগ্রহণকারী আধিকারিক যোগ্য ভোটারের সঙ্গে সাক্ষাৎ করে ভোটারের বাসগৃহে ভোটদান প্রক্রিয়া রেকর্ড করবেন । এদিকে এই দুই শ্রেণীর ভোটার যদি নিজে ভোটকেন্দ্রে গিয়ে ভোটদান করতে চান তবে তাদের রেম্প,অপেক্ষার স্থান ,হুইল চেয়ার ,শৌচাগার ইত্যাদির বিশেষ সুবিধা প্রদান করা হবে । নির্বাচনের দিন প্রতিটি ভোটকেন্দ্রে প্রতিবন্ধী ভোটার ও প্রবীণ ভোটারদের জন্য উপযুক্ত পরিবহন ব্যাবস্থা করার জন্য কমিশন নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দিয়েছে । সংশ্লিষ্ট ভোটাররা সক্ষম-ই সি আই অ্যাপে পঞ্জীয়ন করে হুইল চেয়ারের সুবিধা লাভের জন্য আবেদন করতে পারবেন । উল্লেখ্য নির্বাচন কমিশন এবার বিশেষভাবে সক্ষম ভোটারদের প্রয়োজন সম্পর্কে ভোটগ্রহণ কর্মীদের সংবেদনশীল করে তোলার ওপর অধিক গুরুত্ব আরোপ করেছে । সে

অনুসারে বাকশক্তি ও শ্রবণ শক্তির দূর্বলতা থাকা ভোটারদের জন্যও বিশেষ সুবিধা প্রদানের ব্যাবস্থা করা হবে । ভোটকেন্দ্রগুলিতে দৃষ্টিহীন ব্যাক্তিরা নির্বাচন পরিচালনা অধিনিয়ম-১৯৬১ অনুসারে নিজের হয়ে ভোটদান করতে একজন সঙ্গী নিয়ে আসতে পারবেন । এছাড়াও ই ভি এম ব্যালট ইউনিটে ব্রেইল লিপির সুবিধা ব্যাবহার করে দৃষ্টিহীন ব্যাক্তিরা নিজেই ভোটদান করতে পারবেন ।

-----------------------------------------------------------------------

দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য আগামীকাল বিজ্ঞপ্তি জারী করা হবে । এই পর্যায়ে আগামী ২৬ শে এপ্রিল দেশের ১২ টি রাজ্য ও একটি কেন্দ্রীয়শাসিত অঞ্চলের অধিনে মোট ৮৯ টি আসনের জন্য ভোটগ্রহণ করা হবে । দ্বিতীয় পর্যায়ে আসাম এবং বিহারের ৫টি করে ,মণিপুর , ত্রিপুরা ও জম্মু কাশ্মীরের একটি করে ,কেরালার ২০ টি ,কর্ণাটকের ১৪ টি ,রাজস্থানের ১৩ টি ,উত্তরপ্রদেশ ও মহারাস্ট্রের আটটি করে ,মধ্যপ্রদেশের ৭টি এবং পশ্চিমবঙ্গ ও ছত্তিশগড়ের তিনটি করে লোকসভা আসনের জন্য ভোটগ্রহণ করা হবে । আগামী ২৬ শে এপ্রিল অনুষ্ঠেয় এই আসনগুলির জন্য মনোনয়নপত্র দাখিলের শেষ দিন আগামী চৌঠা এপ্রিল ।

-----------------------------------------------------------------------

গুয়াহাটি আই আই টি এবং আসাম কৃষি বিশ্ববিদ্যালয় একযোগে বিগত চার বছর ধরে চালানো গবেষণার শেষে সোয়াইন ফ্লু রোগের প্রতিষেধক উদ্ভাবন করতে সমর্থ হয়েছে । ইতিমধ্যে ব্যবসায়িক ভিত্তিতে উৎপাদন প্রক্রিয়া আরম্ভ করা এই প্রতিষেধক ভারতবর্ষে উৎপাদিত সোয়াইন ফ্লু’র প্রথম প্রতিষেধক হিসেবে চিহ্নিত হয়েছে ।

উল্লেখ্য- উত্তর পূর্বাঞ্চল সহ দেশের বিভিন্ন রাজ্যে মহামারীর আকার দারণ করা সোয়াইন ফ্লু’র সংক্রমণ রোধ করার জন্য আই আই টি-গুয়াহাটি এবং আসাম কৃষি বিশ্ববিদ্যালয় ২০১৮-১৯ সাল থেকে যুগ্মভাবে এই গবেষণা আরম্ভ করেছিল । উভয় শিক্ষা প্রতিষ্ঠানের জৈব বিজ্ঞান ও জৈব অভিযান্ত্রিক বিভাগ এই গবেষণার কাজ সম্পন্ন করে । প্রথম অবস্থায় এই প্রতিষেধক শূকরের দেহে প্রয়োগ করে রোগ সংক্রমণ প্রতিরোধে সাফল্য লাভ সম্ভব হয় ।

প্রতিষেধকটি কম মূল্যের এবং দ্রুত কার্যকর হওয়া ওষুধ হিসেবে পরিগণিত হবে বলে গবেষকদের দলটি দাবী করেছে।

---------------------------------------------------------------------------

আগামী ২৬ শে এপ্রিল অনুষ্ঠেয় কাছাড় জেলার শিলচর লোকসভা আসনের নির্বাচনের জন্য আজ কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট রোহন কুমার ঝা এর পরিপ্রেক্ষিতে সবধরণের বে-আইনী কার্যকলাপ ও হিংসাত্মক ঘটনা রোধ করার জন্য এই লোকসভা আসন এলাকায় ১৪৪ ধারা জারী করেছেন । সে অনুসারে শিলচর লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার এবং সহকারী রিটানিং অফিসারের কার্যালয় থেকে ১০০ মিটার ব্যাসার্ধের মধ্যে ৫ জনের বেশী লোকের সমাবেশ এবং ২টির বেশী যানবাহন কার্যালয়ের ১০০ মিটারের মধ্যে চলাচল নিষিদ্ধ করা হয়েছে। তবে রিটার্নিং অফিসারের কার্যালয়ে প্রার্থী সহ ৫ জন ব্যক্তিকে প্রবেশের অনুমতি রয়েছে।

---------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের প্রচার বিভাগের উদ্যোগে আজ বড়খলা সরকারী মডেল কলেজে এক ভোটার সচেতনতা সভার আয়োজন করা হয় । কলেজের অধ্যক্ষ সাহাব উদ্দন আহমেদের পৌরহিত্যে সভায় মাস্টার ট্রেনার ড:জয়দীপ গোস্বামী নতুন ভোটারদের ভোটদান প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিতভাবে আলোকপাত করেন । আগামীকাল আসাম বিশ্ববিদ্যালয়ে অনুরূপভাবে একটি সচেতনতা সভার আয়োজন করা হয়েছে । উল্লেখ্য আসন্ন লোকসভা নির্বাচনকে কেন্দ্র করে জেলা প্রশাসন সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে ।

---------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনে হাইলাকান্দি জেলায় নিযুক্ত মহিলা ভোটগ্রহণ কর্মীদের ই ভি এম প্রশিক্ষণ আজ হাইলাকান্দির গ্রাহাম এম ভি স্কুলে অনুষ্ঠিত হয় । লোকসভা নির্বাচনের ট্রেনিং সেলের তত্ত্বাবধানে মোট ১৩৮ জন মহিলা ভোটগ্রহণ কর্মীদের একদিনের প্রশিক্ষণ সম্পন্ন হয় । উল্লেখ্য মহিলা ভোটারদের ভোটদানে আরো উৎসাহিত করতে হাইলাকান্দি জেলা প্রশাসন

জেলার দুটি বিধানসভা কেন্দ্র এলাকায় সম্পূর্ন মহিলা পরিচালিত ছয়টি ভোটগ্রহণ কেন্দ্র স্থাপন করেছে ।

-----------------------------------------------------------------------